গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ ঢাকা
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১১০.১৮.০০০৬.২১-৪৫৭/৫৫০ তারিখ: ১১/১২/২০২৫ খ্রি.

**বিষয়: জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উদযাপন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উদযাপন উপলক্ষ্যে আগামী ০৪ জানুয়ারি ২০২৬ খ্রি. হতে প্রতিষ্ঠান পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ শুরু হতে যাচ্ছে এবং ২০ জানুয়ারি ২০২৬ খ্রি. জাতীয় পর্যায়ে প্রতিযোগীতার মাধ্যমে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ এর সমাপ্তি হবে। সে প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ আগামী ১৫ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ-কে উক্ত বিষয়ে অবহিত করে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ সূত্রোক্ত পত্রের নির্দেশনা ও জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা-২০২৬ ও সময়সূচী প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, জেলা শিক্ষা অফিসারগণ ৪৯২টি উপজেলা এবং ২৫টি মহানগরীসমূহের শিক্ষা থানা পর্যায়ের উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ সূত্রোক্ত পত্রের নির্দেশনা ও জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা-২০২৬ ও সময়সূচী প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা-২০২৬

১১-১২-২০২৫
(ড. জাহিদা বেগম)
সহকারী পরিচালক (প্রশি:-২)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

প্রাপকঃ

(১) জেলা শিক্ষা অফিসার......................................(সকল);
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.................................(সকল);
(৩) সংরক্ষণ নথি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সেবা শাখা**
**www.shed.gov.bd**

# জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা ২০২৬

দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে সরকার প্রতিবছর জাতীয় শিক্ষা সপ্তাহ কর্মসূচি গ্রহণ করে আসছে। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উদযাপন উপলেক্ষ্যে বিভিন্ন কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

২.০ এ নীতিমালা **"জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা ২০২৬"** নামে অভিহিত হবে এবং এই নীতিমালা অনুসরণ করে প্রতি বছর জানুয়ারি মাসে কার্যক্রম শুরু করতে হবে।

৩.০ **অধিক্ষেত্র:** শিক্ষা মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় জাতীয় সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত ইভেন্টে প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষক এবং শিক্ষার্থীগণকে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।

৪.০ অনুচ্ছেদ ৩.০ তে বর্ণিত প্রতিষ্ঠান, ৪.১ এ বর্ণিত ইভেন্টসমূহে শিক্ষার্থী/দল নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবে। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। এই নির্বাচন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট বিষয়ের পারদর্শী বা বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত বিচারকবৃন্দের মাধ্যমে বিচার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

## ৪.১ ইভেন্টসমূহ

৪.১.১ কেরাত
৪.১.২ হামদ্
৪.১.৩ নাত
৪.১.৪ বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
৪.১.৫ ইংরেজি রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
৪.১.৬ ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা
৪.১.৭ বাংলা কবিতা আবৃত্তি
৪.১.৮ উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা (একক)
৪.১.৯ দেশাত্মবোধক গান
৪.১.১০ রবীন্দ্রসংগীত
৪.১.১১ নজরুলসংগীত
৪.১.১২ উচ্চাঙ্গসংগীত
৪.১.১৩ লোকসংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)
৪.১.১৪ জারীগান (দলভিত্তিক)
৪.১.১৫ নির্ধারিত বক্তৃতা: বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য/বাংলাদেশ উন্নয়ন ভাবনা/শিক্ষা
৪.১.১৬ নৃত্য (উচ্চাঙ্গ)
৪.১.১৭ লোক নৃত্য।
৪.১.১৮ তাৎক্ষণিক অভিনয়
৪.১.১৯ দেয়াল পত্রিকা

## ৫.০ গ্রুপসমূহ

**৫.১ নিম্নোক্ত গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

| ক্র. নং | পর্যায় | প্রতিযোগিতার গ্রুপ |
|---|---|---|
| ১. | ৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-ক |
| ২. | ৯ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-খ |
| ৩. | ১১শ শ্রেণি থেকে ১২শ শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-গ |
| ৪. | ১৩শ শ্রেণি থেকে ১৭শ শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-ঘ |

***** যে প্রতিযোগী/দল যে শ্রেণিভিত্তিক গ্রুপ এবং বিষয়ে পূর্ববর্তী বছরের প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে প্রথম হয়েছেন ঐ প্রতিযোগী/দল পরবর্তী বছরের প্রতিযোগিতায় ঐ বিষয়ের ঐ গ্রুপে অংশগ্রহণ করতে পারবে না।**

৫.২ উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। শুধুমাত্র জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় ৪.১.১ থেকে ৪.১.১৭ ইভেন্টের প্রতিটি হতে ১ম, ২য় ও ৩য় স্থান নির্বাচন করা হবে।

৫.৩ প্রতিটি প্রতিষ্ঠান থেকে নিম্নোক্ত শ্রেণিতে শিক্ষার্থী/শিক্ষক/গ্রুপ নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবেন। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

৫.৩.১ শ্রেষ্ঠ শিক্ষার্থী
৫.৩.২ শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক
৫.৩.৩ শ্রেষ্ঠ স্কাউট
৫.৩.৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস
৫.৩.৫ শ্রেষ্ঠ রোভার
৫.৩.৬ শ্রেষ্ঠ রেঞ্জার
৫.৩.৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি
৫.৩.৮ শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ
৫.৩.৯ শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ
৫.৩.১০ শ্রেষ্ঠ রোভার গ্রুপ
৫.৩.১১ শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ
৫.৩.১২ শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ
৫.৩.১৩ শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক
৫.৩.১৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক
৫.৩.১৫ শ্রেষ্ঠ রোভার শিক্ষক
৫.৩.১৬ শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক
৫.৩.১৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক

**৫.৪** উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য (জীবনবৃত্তান্ত ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য) এবং প্রতিষ্ঠান থেকে সকল বিষয়ের প্রতিযোগিতা ও নির্বাচন সম্পন্ন করে বিজয়ী ও শ্রেষ্ঠদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব এলাকার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে পৌঁছাতে হবে।

**৫.৫** জেলা কমিটি জেলা পর্যায়ে ০১ জন শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তাঁর নাম প্রয়োজনীয় কাগজপত্রসহ আঞ্চলিক পরিচালকের নিকট প্রেরণ করবে। আঞ্চলিক কমিটি অঞ্চল পর্যায়ে সংশ্লিষ্ট জেলাসমূহ থেকে প্রাপ্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের মধ্য হতে শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং একজন শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তাঁর নাম প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় পর্যায়ে প্রেরণ করবে।

**৫.৬** মহানগর থানা কমিটি (ঢাকা মহানগর থানা কমিটি বাদে) মহানগরী পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করবেন। শুধু ঢাকা মহানগরী থানা কমিটি মহানগরীর থানা পর্যায়ের নির্বাচন ও প্রতিযোগিতা সম্পন্ন করে সকল

নির্বাচিত ও বিজয়ীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ ঢাকা মহানগর কমিটির নিকট প্রেরণ করবে।

৫.৭ সকল আঞ্চলিক কমিটি এবং ঢাকা মহানগর কমিটি নির্ধারিত তারিখে প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা প্রয়োজনীয় কাগজপত্রসহ অনধিক দুই দিনের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর সরাসরি হার্ডকপি এবং সফটকপি পৌছানো নিশ্চিত করবে।

৫.৮ ৫.৩ এ বর্ণিত শ্রেণিসমূহ, ৫.৪ বর্ণিত শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান এবং ৫.৫ এ বর্ণিত শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা ও শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিজয়ী নির্বাচনের ক্ষেত্রে এ নীতিমালার ৬.০ (নির্বাচন পদ্ধতি) অনুচ্ছেদের মূল্যায়ন/নম্বর প্রদান নির্দেশনা অনুসরণ করে অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় তথ্য যাচাই করতে হবে।

৫.৯ সংশ্লিষ্ট বিষয়ের পারদর্শী বা বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত বিচারক প্যানেল প্রতিযোগীর মূল কাগজপত্র তাঁর উপস্থিতিতে যাচাই করবেন এবং নীতিমালার ৬.০ (নির্বাচন পদ্ধতি) অনুচ্ছেদের আলোকে সাক্ষাৎকার গ্রহণ করে বিজয়ী নির্বাচন করবেন।

**৫.১০ যে প্রতিযোগী/প্রতিষ্ঠান যে বিষয়ে পূর্ববর্তী বছরের প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ হয়েছে, ঐ প্রতিযোগী/প্রতিষ্ঠান পরবর্তী বছরের প্রতিযোগিতায় ঐ বিষয় অংশগ্রহণ করতে পারবে না।**

**৬.০ নির্বাচন পদ্ধতি:**

**৬.১ (ক) শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন (একটি প্রতিষ্ঠান হতে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থীর নাম প্রেরণ করতে হবে)**

<table>
<tr><th>#</th><th>মূল্যায়নের বিষয়</th><th>নম্বর</th><th colspan="2">মূল্যায়নের নির্দেশনা</th></tr>
<tr><td>১.</td><td>বিগত বার্ষিক /পাবলিক পরীক্ষার ফল</td><td>২০</td><td colspan="2">চতুর্থ বিষয় ছাড়া জিপিএ-৫ হলে ২০<br>চতুর্থ বিষয়সহ জিপিএ-৫ হলে ১৮<br>৪ এর বেশি কিন্তু ৫ এর কম হলে ১৬<br>(এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমানের পূর্ববর্তী বছরের পরীক্ষার ফলাফল বিবেচ্য হবে। বার্ষিক পরীক্ষার ক্ষেত্রে পূর্ববর্তী বছরের অনুষ্ঠিত সকল পরীক্ষার ফলাফল বিবেচনায় নিতে হবে)</td></tr>
<tr><td rowspan="7">২.</td><td rowspan="7">উপস্থিতির শতকরা হার</td><td rowspan="7">১৫</td><td>শতকরা হার</td><td>প্রাপ্ত মান</td></tr>
<tr><td>৯৫ অথবা ৯৫ এর তদূর্ধ্ব</td><td>১৫</td></tr>
<tr><td>৯০ বা ৯০ এর বেশি এবং ৯৫ এর কম</td><td>১২</td></tr>
<tr><td>৮৫ বা ৮৫ এর বেশি এবং ৯০ এর কম</td><td>১০</td></tr>
<tr><td>৮০ বা ৮০ এর বেশি এবং ৮৫ এর কম</td><td>০৮</td></tr>
<tr><td>৭৫ বা ৭৫ এর বেশি এবং ৮০ এর কম</td><td>০৪</td></tr>
<tr><td>৭৫ এর কম</td><td>০</td></tr>
<tr><td>৩.</td><td>সংগীত/ নৃত্য/ বাদ্য/ চারু/ কারু/ আবৃত্তি/ অভিনয় দক্ষতা</td><td>১০</td><td colspan="2">আন্তর্জাতিক পুরস্কারের জন্য-১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য-০৮, বিভাগীয় পর্যায়ের পুরস্কারের জন্য-০৬, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য-০৪, উপজেলা পর্যায়ের পুরস্কারের জন্য-০২, এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য-০১ নম্বর পাবে (যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৪.</td><td>খেলাধুলা /ক্রীড়া দক্ষতা</td><td>১০</td><td colspan="2">আন্তর্জাতিক পুরস্কারের জন্য-১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য-০৮, বিভাগীয় পর্যায়ের পুরস্কারের জন্য-০৬, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য-০৪, উপজেলা পর্যায়ের পুরস্কারের জন্য-০২, এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য-০১ নম্বর পাবে (যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৫.</td><td>সৃজনশীল লেখা</td><td>১০</td><td colspan="2">আন্তর্জাতিক পর্যায়ের প্রকাশনায়-১০, জাতীয় পর্যায়ের প্রকাশনায় লেখা-০৮, বিভাগীয় পর্যায়ের প্রকাশনায় লেখা-০৬, জেলা পর্যায়ের প্রকাশনায় লেখা-০৪, উপজেলা পর্যায়ের প্রকাশনায় লেখা-০২, প্রতিষ্ঠান পর্যায়ে (প্রতিষ্ঠানের বার্ষিকী/সাময়িকী/দেয়ালিকা) লেখা-০১ (যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৬.</td><td>স্কাউট/ গার্ল গাইডস/ বিএনসিসি/ রোভার/ রেঞ্জার/ ক্লাব কার্যক্রমে সম্পৃক্ততা</td><td>৫</td><td colspan="2">যেকোন দল পর্যায়ের সদস্য হতে হবে। তিন বা ততোধিক কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-০৫, দুটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-০৪, একটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-০৩, কোন কর্মসূচিতে অংশগ্রহণ না করার ক্ষেত্রে-০ (যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
</table>



৩.১

| | | | |
|---|---|---|---|
| ৭. | নেতৃত্বদানের ক্ষমতা | ৫ | ক্লাস ক্যাপ্টেন থাকা, বিভিন্ন দলীয় কাজে নেতৃত্বদান, সহপাঠীদের বিভিন্ন প্রয়োজনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিতকরণ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। |
| ৮. | সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ | ৫ | সামাজিক সমস্যা সমাধানের জন্য-০৫ এবং প্রতিষ্ঠানভিত্তিক সমস্যা সমাধানের জন্য-০৩ (যে কোন একটি প্রযোজ্য) |
| ৯ | বিজ্ঞান প্রজেক্ট/ বিজ্ঞান মেলায় অংশগ্রহণ/ অলিম্পিয়াড | ৫ | জাতীয় পর্যায়ে-০৫, বিভাগীয় পর্যায়ে-০৪, জেলা পর্যায়ে-০৩, উপজেলা পর্যায়ে-০২, প্রতিষ্ঠান পর্যায়ে-০১ (যে কোন একটি প্রযোজ্য) |
| ১০ | ডিজিটাল লিটারেসি বিষয়ে দক্ষতা | ৫ | শিক্ষার্থীর পর্যায় বিবেচনা করে মুল্যায়ন করবেন |
| ১১ | নৈতিক দৃঢ়তা | ৫ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর নৈতিক গুণাবলি, মূল্যবোধ ইত্যাদি পর্যবেক্ষণ করে এতদসংক্রান্ত প্রত্যয়ন প্রদান করবেন এবং মূল্যায়ন করবেন |
| ১২ | বিতর্ক/উপস্থিত বক্তৃতা | ৫ | জাতীয় পর্যায়ে-০৫, বিভাগীয় পর্যায়ে-০৪, জেলা পর্যায়ে-০৩, উপজেলা পর্যায়ে-০২, প্রতিষ্ঠান পর্যায়ে-০১ (যে কোন একটি প্রযোজ্য) |
| | **মোট নম্বর** | ১০০ | |

**(খ) শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচন**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রতিষ্ঠান পর্যায় | পরীক্ষার নাম | ফলাফল | প্রদেয় নম্বর |
| ০১. | শিক্ষাগত যোগ্যতা | ১০ | স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি | এসএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | এইচএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৩; স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৩; (যেকোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ এবং আরেকটিতে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-২; উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ১) | | ৩ |
| | | | স্কুল ও সমপর্যায়ের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পেশাগত ডিগ্রি | বি.এড. সহ এম.এড এর জন্য- ৩; শুধু এম.এড এর জন্য- ২; শুধু বি.এড এর জন্য- ১; (যেকোন একটি বিবেচিত হবে) | | ৩ |
| | | | কলেজ ও সমপর্যায়ের প্রতিষ্ঠানের ক্ষেত্রে | পিএইচ.ডি. এর জন্য- ৩; এম.ফিল. এর জন্য- ২ (যেকোন একটি বিবেচিত হবে) | | ৩ |

| | | | |
|---|---|---|---|
| ০২. | শিক্ষকতার অভিজ্ঞতা | ৫ | প্রতি ০৫ বছরের জন্য ১ নম্বর করে সর্বাধিক ২৫ বছরের অভিজ্ঞতাকে মূল্যায়ন করতে হবে। |
| ০৩. | বিষয়ভিত্তিক জ্ঞান ও নিষ্ঠা | ৮ | বিষয়ভিত্তিক জ্ঞান ভাল মর্মে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ক্ষেত্রমতে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির মধ্যে খ্যাতি আছে এবং নিয়মিত শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আগ্রহী ও স্বাচ্ছন্দবোধ করেন ইত্যাদি বিবেচনায় মূল্যায়ন করতে হবে। |
| ০৪. | শিক্ষা উপকরণ ব্যবহার | ২ | লো-কস্ট, নো-কস্ট (লাগসই, সহজলভ্য) শিক্ষা উপকরণ ব্যবহারের দক্ষতা |
| ০৫. | মূল্যায়ন পারদর্শিতা/প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন | ৫ | প্রশিক্ষণসহ প্রশ্নপত্র প্রণয়ন এবং ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন/উত্তরপত্র মূল্যায়ন (প্রযোজ্য ক্ষেত্রে); প্রশিক্ষণ না থাকলে- ৩ |
| ০৬. | ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব | ৫ | জাতীয় দিবসসমূহ উদযাপন, শিক্ষা সফর, বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান আয়োজন, প্রতিষ্ঠানের বার্ষিকী/দেয়ালিকা প্রকাশ, বার্ষিক ধর্মীয় অনুষ্ঠান এবং অন্যান্য অনুষ্ঠানাদিতে শিক্ষার্থী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে তিনি কীভাবে অংশগ্রহণ করেন তার নিরীখে মূল্যায়ন করতে হবে। |
| ০৭. | চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা, উদ্যম, পোশাক-পরিচ্ছদ, চ্যালেঞ্জ গ্রহণের সক্ষমতা | ১২ | সংশ্লিষ্ট শিক্ষকের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা, উদ্যম, পোশাক-পরিচ্ছদ, চ্যালেঞ্জ গ্রহণের সক্ষমতা সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ও প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে। |
| ০৮. | শ্রেণিকক্ষে প্রযুক্তি ব্যবহারের দক্ষতা | ১২ | প্রযুক্তি ব্যবহার দক্ষতা-৩ এবং শিক্ষক বাতায়ন থেকে কনটেন্ট ডাউনলোড ও আপলোড দক্ষতা-২, অনলাইন ক্লাস পরিচালনা দক্ষতা-৪, teachers.gov.bd এর সদস্য হলে-২ তবে সদস্য না হলে- ০, মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ দক্ষতা-১ |
| ০৯. | পাঠ্যপুস্তক প্রণয়ন | ৫ | ISBN থাকলে- ৫, ISBN না থাকলে-৩ |
| ১০. | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা -৫×২=১০, জাতীয় পত্রিকায় সৃজনশীল প্রতিটি প্রকাশনা-২ করে অনধিক -১০ |
| ১১. | গুণগতমানের শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নিদর্শন। কমিটির কাজে দক্ষ ও আর্থিক শৃঙ্খলা | ১১ | প্রতিষ্ঠানে উদ্ভাবনীমূলক উৎকর্ষ সাধন, এসডিজি-৪ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৫, ক্যাম্পাসে উত্তমচর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২, কমিটির কাজে দক্ষ ও আর্থিক শৃঙ্খলা-৪। |
| ১২. | কার্যকর শ্রেণি কার্যক্রম পরিচালনা পারদর্শিতা | ১৫ | সংশ্লিষ্ট শিক্ষক যে বিষয়ে শ্রেণিতে পাঠ উপস্থাপন করেন সেই বিষয় ও শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে প্রতিষ্ঠান প্রধান নম্বর প্রদান করবেন এবং মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করবেন। |
| | মোট নম্বর | ১০০ | |

**(গ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচন**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রতিষ্ঠান পর্যায় | পরীক্ষার নাম | ফলাফল | প্রদেয় নম্বর |
| ০১. | শিক্ষাগত যোগ্যতা | ১০ | স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি | এসএসসি/ সমমান | ১ম বিভাগ/সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | এইচএসসি/ সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৩; স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৩; (যেকোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ এবং আরেকটিতে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-২; উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য -১) | | ৩ |
| | | | স্কুল ও সমপর্যায়ের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পেশাগত ডিগ্রি | বি.এড. সহ এম.এড এর জন্য- ৩; শুধু এম.এড এর জন্য- ২; শুধু বি.এড এর জন্য- ১ (যেকোন একটি বিবেচিত হবে) | | ৩ |

| | | | |
|---|---|---|---|
| | | | কলেজ ও সমপর্যায়ের প্রতিষ্ঠান: পিএইচ.ডি- ৩, এম.ফিল-২ (যেকোন একটি বিবেচিত হবে) — ৩ |
| ০২. | প্রতিষ্ঠান প্রধান হিসেবে অভিজ্ঞতা | ৫ | অভিজ্ঞতা — প্রদেয় নম্বর<br>৫ বছর/বা তদূর্ধ্ব — ৫<br>৪ বছর থেকে ৫ বছরের কম — ৪<br>১ বছর থেকে ৪ বছরের কম — ৩ |
| ০৩. | ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর প্রভাব এবং অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব | ৫ | দক্ষ ব্যবস্থাপক হিসেবে ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর যথেষ্ট তত্ত্বাবধান আছে। প্রতিষ্ঠানের সকল সহকর্মীর মধ্যকার পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক প্রতিষ্ঠায় তাঁর যথেষ্ট ভূমিকা আছে। অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব পোষণ করেন। বছরে কমপক্ষে চারটি অভিভাবক সমাবেশ আয়োজন করতে হবে। |
| ০৪. | চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম | ৭ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, সমাজের সদস্যগণ ও প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ/প্রচলিত ধারণা আছে তার ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ০৫. | প্রশাসনিক দক্ষতা | ১৩ | ১। প্রতিষ্ঠানের রেকর্ডপত্রের যথাযথ সংরক্ষণ-৩<br>২। সংশ্লিষ্ট দপ্তরসমুহের সাথে যোগাযোগের ক্ষেত্রে দক্ষতা-৩<br>৩। পাবলিক পরীক্ষায় প্রতিষ্ঠানের ফলাফল-৩<br>৪। শিক্ষার্থী ব্যবস্থাপনা-২<br>৫। GPAMS এ তথ্য আপলোড করা-২<br>উল্লিখিত বিষয়ের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ০৬. | আর্থিক শৃঙ্খলা | ৫ | ১। সঠিকভাবে বাজেট প্রণয়ন-৩ এবং<br>২। প্রতিষ্ঠানের অডিট আপত্তির নিষ্পত্তি সম্পর্কিত বিষয়-২ |
| ০৭. | পাঠ্যপুস্তক ও প্রাতিষ্ঠানিক প্রকাশনা | ৮ | ISBN থাকলে-৪, ISBN না থাকলে-২, একাডেমিক ক্যালেন্ডার-২, বার্ষিক ম্যাগাজিন (বিগত বছরের) -২ |
| ০৮. | পেশাগত/গবেষণামূক সৃজনশীল প্রকাশনা | ৮ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-৮, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা-৪×২=৮, জাতীয় পত্রিকায় প্রতিটি সৃজনশীল প্রকাশনা-২ করে অনধিক- ৮ |
| ০৯. | ICT বিষয়ে দক্ষতা | ৫ | ১। অনলাইনে ক্লাস কার্যক্রম মনিটরিং-২ এবং<br>২। ICT ব্যবহারে পারদর্শী-৩<br>(প্রতিষ্ঠান প্রধানকে ICT বিষয়ে অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে) |
| ১০. | সবুজ ও পরিচ্ছন্ন ক্যাম্পাস ও স্বাস্থ্য বিধি অনুযায়ী বিদ্যালয় পুনঃসজ্জিতকরণ | ১১ | ১। ক্যাম্পাস পরিস্কার-পরিচ্ছন্ন -২<br>২। প্রতিষ্ঠানের পাঠোপযোগী শ্রেণিকক্ষ সজ্জিতকরণ-২<br>৩। সবুজায়ন ও প্রতিষ্ঠানের শোভাবর্ধন-২<br>৪। স্যানিটেশন কার্যক্রম-২<br>৫। সুপেয় পানির ব্যবস্থা-২<br>৬। প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ও পলিথিন ব্যবহারে নিরুৎসাহিতকরণ-১ |
| ১১. | গুণগত শিক্ষায় উদ্ভাবনী/সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নিদর্শন | ৫ | ১। প্রতিষ্ঠানে গুণগত শিক্ষায় উদ্ভাবনমূলক উৎকর্ষ সাধন কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৩<br>২। ক্যাম্পাসে উত্তম চর্চার নিদর্শন মুল্যায়ন করতে হবে-২ |
| ১২. | প্রতিষ্ঠান প্রধানের কর্মকালে দৃশ্যমান উন্নয়ন ও গুণগত পরিবর্তন, প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য বাস্তবায়িত কর্মকান্ড ও বাস্তবায়নযোগ্য পরিকল্পনা | ১৩ | ১। প্রতিষ্ঠানের দৃশ্যমান উন্নয়ন (ভৌত)-৪ ও<br>২। গুণগত পরিবর্তন (প্রশাসনিক ও একাডেমিক)-৪,<br>৩। প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য গৃহীত ভবিষ্যত পরিকল্পনা-৫ |
| ১৩. | কারিকুলাম বাস্তবায়ন, সেমিনার, অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ০৫ | স্কুল পর্যায়ে-<br>১। ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা-৩<br>২। এনসিটিব ও মাউশি কর্তৃক কারিকুলাম সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ-২ |

| | | | |
|---|---|---|---|
| | ইত্যাদি আয়োজনে প্রতিষ্ঠান প্রধানের ভূমিকা | | কলেজ পর্যায়ে-<br>১। ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা-২<br>২। সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন-৩ |
| | মোট নম্বর | ১০০ | |

বি.দ্র: প্রতিষ্ঠান প্রধান হিসেবে ভারপ্রাপ্ত/অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এই পদের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

**ঘ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন**

| # | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১. | ফলাফল | ১৫ | প্রতি বছরের জন্য নিম্নের ছক অনুযায়ী নম্বর প্রদান করে সর্বশেষ প্রকাশিত ২ বছরের ফলাফলের সমষ্টির মাধ্যমে বরাদ্দকৃত ১৫ এর বিপরীতে মোট নম্বর প্রদান করতে হবে। (এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান- এর অব্যবহিত পূর্ববর্তী পরীক্ষার ফলাফল বিবেচ্য হবে) |

| পাসের শতকরা হার | প্রাপ্ত মান |
|---|---|
| ১০০ | ৭.৫ |
| ৯০ বা ৯০ এর বেশি এবং ১০০ এর কম | ৬.৫ |
| ৮০ বা ৮০ এর বেশি এবং ৯০ এর কম | ৫.৫ |
| ৭০ বা ৭০ এর বেশি এবং ৮০ এর কম | ৪.৫ |
| ৬০ বা ৬০ এর বেশি এবং ৭০ এর কম | ৩.৫ |
| ৫০ বা ৫০ এর বেশি এবং ৬০ এর কম | ২.৫ |
| ৫০ এর কম | ০ |

| # | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ২. | পাশ করা ছাত্র/ছাত্রী সংখ্যা | ১০ | প্রতি বছরের জন্য নিম্নোক্ত ছক অনুযায়ী নম্বর প্রদান করে সর্বশেষ প্রকাশিত ২ বছরের পাশ করা ছাত্র/ছাত্রীরসংখ্যার ভিত্তিতে বরাদ্দকৃত (৫×২) = ১০ এর বিপরীতে মোট নম্বর প্রদান করতে হবে। |

| বিদ্যালয়ের ক্ষেত্রে | | মহাবিদ্যালয়ের ক্ষেত্রে | |
|---|---|---|---|
| সংখ্যা | নম্বর | সংখ্যা | নম্বর |
| ৬০ বা তদূর্ধ্ব | ৫ | ১৫০ বা তদূর্ধ্ব | ৫ |
| ৩০ বা ৩০ এর বেশি এবং ৬০ এর কম | ৩ | ৯০ বা ৯০ এর বেশি এবং ১৫০ এর কম | ৩ |
| ১৫ বা ১৫ এর বেশি এবং ৩০ এর কম | ১ | ৫০ বা ৫০ এর বেশি এবং ৯০ এর কম | ১ |

| # | মূল্যায়নের বিষয় | নম্বর |
|---|---|---|
| ৩. | প্রতিষ্ঠানের মোট শিক্ষার্থীর সংখ্যা | ৫ |

| বিদ্যালয়ের ক্ষেত্রে | | মহাবিদ্যালয়ের ক্ষেত্রে | |
|---|---|---|---|
| সংখ্যা | নম্বর | সংখ্যা | নম্বর |
| ৩০০ বা তদূর্ধ্ব | ৫ | ৩৫০ বা তদূর্ধ্ব | ৫ |
| ২০০ থেকে ২৯৯ | ৩ | ২৫০ থেকে ৩৪৯ | ৩ |
| ১০০ থেকে ১৯৯ | ১ | ১০০ থেকে ২৪৯ | ১ |

| # | মূল্যায়নের বিষয় | নম্বর |
|---|---|---|
| ৪. | শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত | ৫ |

| বিদ্যালয়ের ক্ষেত্রে | | মহাবিদ্যালয়ের ক্ষেত্রে | |
|---|---|---|---|
| সংখ্যা | নম্বর | সংখ্যা | নম্বর |
| ১:৪০ | ৫ | ১:৬০ | ৫ |
| ১:৬০ | ৩ | ১:১৫০ | ৩ |
| অন্যান্য | ১ | অন্যান্য | ১ |

| # | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ৫. | কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতার মানের গড় | ১০ | শতকরা কতজন শিক্ষকের (কর্মরত শিক্ষকগণের মধ্যে) প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতার অতিরিক্ত যোগ্যতা আছে (এম.এড/এম.ফিল/পিএইচ.ডি /অন্যান্য) তার ভিত্তিতে |

| শতকরা | প্রাপ্ত মান |
|---|---|
| ২০ অথবা তদূর্ধ্ব | ১০ |
| ১৫ বা ১৫ এর বেশি এবং ২০ এর কম | ৮ |
| ১০ বা ১০ এর বেশি এবং ১৫ এর কম | ৬ |
| ৫ বা ৫ এর বেশি এবং ১০ এর কম | ৪ |

| | | | |
|---|---|---|---|
| ৬. | ভৌত অবকাঠামোগত সুবিধা | ৫ | বিদ্যমান অবকাঠামোর মান ও তার সুষ্ঠু রক্ষণাবেক্ষণ এর আলোকে মূল্যায়ন করতে হবে। ডিজিটাল হাজিরা থাকতে হবে। প্রতিষ্ঠানের সৌন্দর্যবর্ধন এর বিষয়টি উপস্থাপন করতে হবে। |
| ৭. | প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা | ৭ | বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি আছে কিনা, বাজেট কমিটি কর্তৃক আর্থিক বিষয়গুলো অনুমোদন হয় কিনা, ইত্যাদির ভিত্তিতে নম্বর প্রদান করতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোন অডিট আপত্তি আছে কিনা তার ভিত্তিতে নম্বর দিতে হবে। অনলাইন এ লেনদেন করা, যথাযথভাবে ভ্যাট, ট্যাক্স পরিশোধ করা, সর্বশেষ ০৩ বছরের অভ্যন্তরীন অডিট রিপোর্ট থাকতে হবে এবং অনলাইনে অডিট দাখিল করতে হবে। |
| ৮. | জাতীয় দিবসসমূহ উদযাপন | ৫ | জাতীয় দিবসসমূহ নিয়মিত যথাযথ মর্যাদায় গুরুত্ব সহকারে পালন করার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। |
| ৯. | প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীগণের জন্য সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থা | ৫ | প্রতিষ্ঠানের শিক্ষকগণের জন্য আলাদা টয়লেট এবং প্রযোজ্য ক্ষেত্রে ছাত্র ও ছাত্রীগণের জন্য আলাদা টয়লেট সুবিধা এবং সকলের জন্য সুপেয় পানির ব্যবস্থা থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। |
| ১০. | গ্রন্থাগার | ৫ | স্বতন্ত্র গ্রন্থাগার থাকা এবং গ্রন্থাগারের বইয়ের সংখ্যা ও শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহারের মাত্রা বিবেচনায় মূল্যায়ন করতে হবে। |
| ১১. | বিজ্ঞানাগার | ৫ | বিজ্ঞানাগার থাকা, বিজ্ঞানাগারের ব্যবহারিক যন্ত্রপাতির পরিমাণ এবং শিক্ষার্থীগণের জন্য বিজ্ঞানাগার ব্যবহারের সুযোগ সুবিধা বিবেচনা করে মূল্যায়ন করতে হবে। |
| ১২. | পঠন পাঠনের নিয়মানুবর্তিতা, খেলাধুলা ও সহপাঠক্রম ব্যবস্থা | ৫ | শ্রেণি কার্যক্রম নিয়মিত হওয়ার বিষয়ে শিক্ষার্থী, অভিভাবকগণের মধ্যে সুনাম, বাৎসরিক পাঠ পরিকল্পনা ও ক্লাস রুটিনের মধ্যে সামঞ্জস্যতা ইত্যাদির ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ১৩. | শিক্ষার পরিবেশ | ৬ | সুপরিসর ও মানসম্মত শ্রেণিকক্ষ, খেলার মাঠ, প্রাকৃতিক পরিবেশ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠান সজ্জিতকরণ বিষয়টি বিবেচনা করতে হবে। ড্রেসকোড থাকা, সিসি ক্যামেরা থাকা এবং প্রতিষ্ঠান প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্নতায় দৃশ্যমান গৃহীত পদক্ষেপসমূহ বিবেচনায় নিতে হবে। |
| ১৪. | মাল্টিমিডিয়া ক্লাসরুম/কম্পিউটার ল্যাব | ৫ | কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম থাকা, অনলাইনে শ্রেণি কার্যক্রম পরিচালনা করা, অ্যাসাইনমেন্ট প্রদান করার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। |
| ১৫. | প্রতিষ্ঠানে স্কাউট/গার্ল গাইডস/রোভার/বি.এন.সি.সি/ক্লাব কার্যক্রম/যুব রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকা | ৫ | প্রতিষ্ঠানে স্কাউট/গার্লস গাইড/রোভার/বি.এন.সি.সি/ক্লাব কার্যক্রম/যুব রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। |
| ১৬. | বিজ্ঞান মেলা আয়োজন | ২ | নিয়মিত বিজ্ঞান মেলা আয়োজন করা হলে পূর্ণ নম্বর পাবেন। |
| | **মোট নম্বর** | **১০০** | |

**ঙ) শ্রেষ্ঠ বি.এন.সি.সি নির্বাচন**

| মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|
| কাজের অভিজ্ঞতার জন্য | ০৬ | ১ বছর হলে ২ নম্বর<br>২ বছর হলে ৪ নম্বর<br>৩ বছর বা তদূর্ধ্ব হলে ৬ নম্বর |
| বিগত বছরে বিদেশ গমন (বিএনসিসি কর্তৃক নির্বাচিত) | ০৪ | সফরকারী দলের সদস্য<br>১ বার=২ নম্বর<br>২ বার=৪ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| র‍্যাংক প্রাপ্তি (ক্যাডেট থেকে CUO পর্যন্ত) | ১০ | ল্যান্স কর্পোরালের জন্য ২ নম্বর<br>কর্পোরালের জন্য ২ নম্বর<br>সার্জেন্টের জন্য ৩ নম্বর<br>সিইউও এর জন্য ৩ নম্বর |

| | | |
|---|---|---|
| প্রশিক্ষণে (BT, RT, CT, বিজয় দিবস, শীতকালীন প্রশিক্ষণ, বিশেষ ক্যাম্প, কম্পিউটার ট্রেনিং) অংশগ্রহনের জন্য | ১০ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| অন্যান্য গুণাবলি (বেস্ট ক্যাডেট, বেস্ট ড্রিল, বেস্ট ফায়ারার, বেস্ট কালচারাল যেমন; নাচ, গান, আবৃত্তি, বিতর্ক ইত্যাদি) | ০৫ | প্রতিটি গুণাবলির জন্য ১ করে সর্বোচ্চ ৫ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| দায়িত্ব পালন (প্যারেড কমান্ডার, ক্যাডেট এ্যাডজুটেন্ট, RSM, BSM, QTM, Medical Sgnt, RP Sgnt, Cultural Sgnt) | ০৫ | প্রতিটি দায়িত্ব পালনের জন্য ১ করে সর্বোচ্চ ৫ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| উন্নয়নমূলক কর্মসূচিতে অংশগ্রহণ (জাতীয় কার্যক্রম ও বিএনসিসি কর্তৃক নির্দেশিত কার্যক্রম) | ১০ | প্রতিটি দায়িত্ব পালনের জন্য ২ করে সর্বোচ্চ ১০ নম্বর প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| মোট নম্বর | ৫০ | |

**চ) শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ নির্বাচন**

| মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|
| বিএনসিসি প্লাটুনের বয়স | ১০ | ১ বছর হলে ২ নম্বর<br>২ বছর হলে ৪ নম্বর<br>৩ বছর হলে ৬ নম্বর<br>৪ বছর হলে ৮ নম্বর<br>৫ বা তদূর্ধ্ব বছর হলে ১০ নম্বর |
| বিদেশ গমন (বিএনসিসি কর্তৃক নির্বাচিত ) | ০৬ | সফরকারী দলের সদস্য হিসেবে বিদেশে গমন (বিগত বছর ও চলমান বছরের জন্য)<br>১ জন হলে ৩ নম্বর<br>২ জন বা তদূর্ধ্ব হলে ৬ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য (BT, RT, CT, বিজয় দিবস, শীতকালীন প্রশিক্ষণ বিশেষ ক্যাম্প) | ১০ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| জাতীয় দিবস কার্যক্রম ও বিএনসিসি কর্তৃক নির্দেশিত কার্যক্রমে অংশগ্রহণ | ০৫ | প্রতিটির জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| অন্যান্য গুণাবলি (বিএনসিসি কর্তৃক আয়োজিত বেষ্ট ক্যাডেট, বেষ্ট ড্রিল, বেষ্ট ফায়ারার, বেষ্ট কালচারাল যেমন;নাচ,গান, আবৃত্তি, বিতর্ক ইত্যাদি) | ০৫ | প্রতিটির জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| দায়িত্ব পালন ক্যাডেট এবং অফিসার (প্যারেড কমান্ডার, ক্যাডেট এ্যাডজুটেন্ট, RSM, BSM, QTM, Medical Sgnt, Cultural Sgnt, RP Sgnt) | ০৮ | প্রতিটি দায়িত্ব পালনের জন্য ২ করে সর্বোচ্চ ০৮ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| জাতীয় কার্যক্রম ও আন্তর্জাতিক কার্যক্রম | ০৬ | প্রতিটি দায়িত্ব পালন ও অংশগ্রহণের জন্য ১ করে সর্বোচ্চ ০৬ নম্বর; প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| মোট নম্বর | ৫০ | |

### ছ) শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক নির্বাচন

| মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|
| কাজের অভিজ্ঞতার জন্য (বি.এন.সি.সি শিক্ষক হিসেবে) | ০৬ | ১ বছর হলে ২ নম্বর<br>২ বছর হলে ৩ নম্বর<br>৩ বছর হলে ৪ নম্বর<br>৪ বছর হলে ৫ নম্বর<br>৫ বছর বা তদূর্ধ্ব হলে ৬ নম্বর |
| বিদেশ গমন (বিএনসিসি কর্তৃক নির্বাচিত ) | ০৪ | সফরকারী দলের সদস্য হলে ৪ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| র‍্যাংক প্রাপ্তি | ০৫ | পিইউও হলে ১ নম্বর<br>সেকেন্ড লেঃ হলে ২ নম্বর<br>লেঃ হলে ৩ নম্বর<br>ক্যাপ্টেন হলে ৪ নম্বর<br>মেজর বা তদূর্ধ্ব হলে ৫ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য (BT, RT, CT, বিজয় দিবস, শীতকালীন প্রশিক্ষণ, বিশেষ ক্যাম্প, কম্পিউটার ট্রেনিং, কমান্ডার লিডারশিপ ট্রেনিং, রিফ্রেশমেন্ট ট্রেনিং, প্রি কমিশন ট্রেনিং) | ১০ | প্রতিটি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| ক্যাম্প পরিচালনা বা ক্যাম্প চলাকালীন কার্যক্রমের বিশেষ দায়িত্ব যেমনঃ ক্যাম্প কমান্ডার বা উপ-অধিনায়ক, সহকারী এ্যাডজুটেন্ট, সহকারী প্রশিক্ষণ অফিসার, কালচারাল অফিসার, সমন্বয় অফিসার | ০৫ | প্রতিটি গুণাবলির জন্য ১ করে সর্বোচ্চ ৫ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| দায়িত্ব পালন (প্লাটুন কমান্ডার, কোম্পানী কমান্ডার ব্যাটালিয়ন কমান্ডার , কন্টিনজেন্ট কমান্ডার, প্যারেড কমান্ডার) | ১০ | প্রতিটি দায়িত্ব পালনের জন্য ২ করে সর্বোচ্চ ১০ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| উন্নয়নমূলক কর্মসূচিতে অংশগ্রহণ (জাতীয় কার্যক্রম ও বিএনসিসি কর্তৃক নির্দেশিত কার্যক্রম) | ০৬ | প্রতিটি দায়িত্ব পালনের জন্য ২ করে সর্বোচ্চ ৬ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| কনটেন্ট তৈরি ও প্রজেক্টরের ব্যবহার | ০৪ | |
| মোট নম্বর | ৫০ | |

### জ) শ্রেষ্ঠ গার্ল গাইডস ও শ্রেষ্ঠ রেঞ্জার নির্বাচন

| মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|
| কাজের অভিজ্ঞতার জন্য<br>অনুপ্রবেশ ও টেন্ডারফুট কোর্স, রেঞ্জার অভিষেক, বিজ্ঞ পাখি প্রশিক্ষণ/ক্যাম্পে স্টাফের দায়িত্ব পালন (কমপক্ষে ১টি) | ০৫ | প্রতি ১ বছরের জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| নৈপুণ্য সূচক ব্যাজ, World Thinking Day (W.T.D Activity) Badge. রেঞ্জার সার্ভিস স্টার সার্টিফিকেট | ১০ | গাইডের জন্য প্রতি ব্যাজ-১ নম্বর<br>রেঞ্জার প্রতি ব্যাজ-১ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| আট দফা কর্মসূচি<br>হলুদবার, সবুজবার, লালবার, নীলবার | ০৮ | প্রতিটি বার ২ নম্বর করে সর্বোচ্চ ৮ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| কোম্পানি ক্যাম্প, ইউনিট ক্যাম্প, থানা ক্যাম্প, জেলা ক্যাম্প, আঞ্চলিক ক্যাম্প, জাতীয় ক্যাম্প ও আন্তর্জাতিক ক্যাম্প | ০৮ | প্রতি ক্যাম্পের জন্য ১ নম্বর এবং<br>আন্তর্জাতিক ক্যাম্প এর জন্য ৪ নম্বর |
| সরকারি-বেসরকারিভাবে আয়োজিত উন্নয়নমূলক কর্মসূচি, | ০৬ | প্রতিটির জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ৬ নম্বর |

| | | |
|---|---|---|
| সভা, সেমিনার, ওয়ার্কশপ, র‍্যালিতে অংশগ্রহণ, স্বেচ্ছাসেবা প্রদান, প্রশিক্ষণ গ্রহণ ও বাস্তবায়ন | | প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি ও ছবি সংযুক্ত করতে হবে। |
| অন্যান্য গুণাবলি (নাচ, গান, খেলাধুলা, সাহিত্য, বির্তক, আত্মরক্ষামূলক কার্যক্রম) প্রতিটি গুণাবলি জন্য ১ করে সর্বোচ নম্বর | ০৪ | প্রতিতির জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ৪ নম্বর প্রমাণক হিসাবে প্রাপ্ত সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি ও ছবি সংযুক্ত করতে হবে। |
| গাইড অ্যাওয়ার্ড<br>শেরে-ই-বাংলা গাইড ব্যাজ<br>জাতীয় কমিশনার গাইড ব্যাজ<br>স্বাক্ষরতা গাইড ব্যাজ<br>জ্ঞানপ্রদীপ ব্যাজ<br>জাতীয় কমিশনার রেঞ্জার ব্যাজ<br>স্বাক্ষরতা রেঞ্জার ব্যাজ | ০৯ | প্রতি অ্যাওয়ার্ড এর জন্য ৩ নম্বর করে সর্বোচ্চ ৯ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| মোট নম্বর | ৫০ | |

**ঘ) শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ ও শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ নির্বাচন**

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | কাজের অভিজ্ঞতার জন্য অনুপ্রবেশ ও টেন্ডারফুট কোর্স, রেঞ্জার অভিষেক, বিজ্ঞ পাখি প্রশিক্ষণ/ক্যাম্পে স্টাফের দায়িত্ব পালন (কমপক্ষে ১টি) | ১০ | প্রতি ১ বৎসরের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর প্রমাণক হিসাবে সকল ধরনের সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ২ | বিগত বছরের বাস্তবায়িত কার্যক্রম সরকারি, বেসরকারিভাবে আয়োজিত উন্নয়নমূলক কর্মসূচি, সভা, সেমিনার, ওয়ার্কশপ, র‍্যালিতে অংশগ্রহণ, স্বেচ্ছাসেবা প্রদান | ৫ | প্রতি কার্যক্রমে ১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ৩ | গার্ল গাইডের বিভিন্ন পর্যায়ের প্রশিক্ষণ | ৬ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ৬ নম্বর প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ৪ | প্রকল্প প্রণয়ন, পরিচালনা ও বাস্তবায়ন | ৬ | প্রতি প্রকল্প পরিচালনার জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ৬ নম্বর |
| ৫ | বিভিন্ন জাতীয় দিবস ও জাতীয় কর্মসূচিতে দলের অংশগ্রহণ | ১০ | প্রতি দিবসে ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ৬ | আন্তর্জাতিক পর্যায়ে কর্মসূচিতে অংশগ্রহণ | ০৫ | প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ৭ | গার্ল গাইডস এ্যাসোসিয়েশন এর বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ | ০৮ | প্রতিটি কর্মসূচিতে ২ নম্বর করে সর্বোচ্চ ০৮ নম্বর প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| | মোট নম্বর= | ৫০ | |

**ঙ) শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক ও শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক নির্বাচন:**

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | দল পরিচালনা করার অভিজ্ঞতা | ১০ | প্রতি ১ বৎসরের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর। প্রমাণক হিসাবে গাইড ও রেঞ্জার দলের রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ২ | ক্যাম্প পরিচালনার জন্য চলতি ও বিগত ২ বছর সহ মোট চার(০৪) বছরের আলোকে মূল্যায়ন করতে হবে | ৮ | প্রতি পরিচালনার জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ৮ নম্বর। প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ৩ | গার্ল গাইডের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ ও World Thinking Day (W.T.D) Activity pack এর বিভিন্ন কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন | ৮ | প্রতি কার্যক্রমের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ৮ নম্বর। প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |

| | | | |
|---|---|---|---|
| ৪ | প্রকল্প প্রণয়ন, পরিচালনা ও বাস্তবায়নের জন্য (চলতি বছর) | ৬ | প্রতি প্রকল্প ২ নম্বর হিসাবে সর্বোচ্চ ৬ নম্বর। প্রমাণক হিসাবে প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে |
| ৫ | গার্ল গাইডের বিভিন্ন পর্যায়ের প্রশিক্ষণ | ৮ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ৮ নম্বর। সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ৬ | আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ | ৫ | প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে |
| ৭ | কনটেন্ট তৈরি ও প্রজেক্টরের ব্যবহার | ৫ | কনটেন্ট এর হার্ডকপি প্রমাণক হিসাবে সংযুক্ত করতে হবে |
| | **মোট নম্বর=** | **৫০** | |

**ট) শ্রেষ্ঠ স্কাউট ও শ্রেষ্ঠ রোভার নির্বাচন:**

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | কাজের অভিজ্ঞতার জন্য | ১০ | ১ বছর হলে ২ নম্বর; ২ বছর হলে ৪ নম্বর<br>৩ বছর হলে ৬ নম্বর; ৪ বছর হলে ৮ নম্বর<br>৫ বছর বা তদূর্ধ্ব হলে ১০ নম্বর |
| ২ | নৈপূণ্যসূচক ব্যাজ | ১০ | প্রতি ব্যাজ ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৩ | শাপলা, PS, PRS অ্যাওয়ার্ড প্রাপ্ত হলে | ১০ | প্রতিটি ৫ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৪ | ডেক্যাম্প, জেলা ক্যাম্প, বিভাগীয় ক্যাম্প এবং জাতীয় ও আন্তর্জাতিক ক্যাম্পে অংশগ্রহণের জন্য | ১০ | প্রতি ক্যাম্প ১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
